একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ ৩১/১২/২০১৭ তারিখ অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-এর সভার কার্যবিবরণী।

সভার তারিখ	ঃ	৩১/১২/২০১৭ খ্রিঃ।
সময়	ঃ	বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান	ঃ	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০-১২)।
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-১ দ্রষ্টব্য।
সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা আরম্ভ করেন। তিনি প্রথমে সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ এর আলোকে নির্ধারিত সময়ের মধ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর বর্ণনামূলক অংশ, ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রাক্কলন, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (উন্নয়ন ও অনুন্নয়ন) ও রাজস্ব প্রাপ্তির ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রাথমিক ব্যয়সীমা এবং বাস্তবতার নিরিখে অর্থ বিভাজনের উপর গুরুত্ব আরোপ করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়ন
২.১	অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জন্য অর্থ বিভাগ হতে ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রাক্কলন, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের বাজেট প্রক্ষেপণে (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাথমিক ব্যয়সীমা যথাক্রমে ২৪২২৫,৬১,০০ হাজার টাকা; ২৬৬৪৮,১৮,০০ হাজার টাকা; এবং ২৯৩১৩,০০,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের মধ্যে বিভাজন করতে হবে। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা হতে ২০১৮-১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ১৫০২৫,৬৮,১০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ১৬৭২৩,৪৬,০২ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের ১৮৬২৯,৩১,১০ হাজার টাকা এবং ২০১৮-১৯ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৯১৯৯,৯২,৯০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯২৪,৭১,৯৮ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের ১০৬৮৩,৬৮,৯০ হাজার টাকা নির্ধারণের প্রস্তাব সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।	২০১৮-১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ১৫০২৫,৬৮,১০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ১৬৭২৩,৪৬,০২ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের ১৮৬২৯,৩১,১০ হাজার টাকা এবং ২০১৮-১৯ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৯১৯৯,৯২,৯০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯২৪,৭১,৯৮ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের ১০৬৮৩,৬৮,৯০ হাজার টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-ক)**। **[বাস্তবায়নে: মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), উপ-প্রধান (পরিকল্পনা)]**
২.২	অতিরিক্ত সচিব(বাজেট ও অডিট) আরও উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক রাজস্ব প্রাপ্তি ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলন ৩৭৭,৭৯,০০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ৩৮৪,৩৫,০০ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের প্রক্ষেপণ ৪৩০,৪৭,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলন ৩৭৭,৭৯,০০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ৩৮৪,৩৫,০০ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের প্রক্ষেপণ ৪৩০,৪৭,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়। তিনি প্রস্তাবিত আয়সীমা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।	রাজস্ব প্রাপ্তি ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলন ৩৭৭,৭৯,০০ হাজার টাকা; ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ ৩৮৪,৩৫,০০ হাজার টাকা; ২০২০-২১ অর্থবছরের প্রক্ষেপণ ৪৩০,৪৭,০০ হাজার টাকার লক্ষ্যমাত্রা অনুমোদিত হয় **(পরিশিষ্ট-খ)**। **[বাস্তবায়নে: মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)]**
২.৩	সহকারী প্রধান (পরিকল্পনা-২) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর বর্ণনামূলক অংশের ১ম ভাগ (অংশ-১, ২, ৩, ৪, ৫) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MTBF) বর্ণনামূলক অংশের ২য় ভাগ অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক স্ব স্ব অংশ আগামী ০৪/০১/২০১৭ তারিখের মধ্যে হালনাগাদ করে প্রেরণের প্রস্তাব করেন।	মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MTBF) বর্ণনামূলক অংশের ১ম ভাগ (অংশ-১, অংশ-২ অংশ-৩, অংশ-৪, অংশ-৫)পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধন আগামী ০৪/০১/২০১৭ তারিখের মধ্যে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **[বাস্তবায়নে: মহাপরিচালক (সকল), সহকারী প্রধান (পরিকল্পনা-২)]**

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়ন
২.৪	সহকারী সচিব (বাজেট ও অডিট) উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে বাজেট প্রণয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আগামী ০৫/০১/২০১৮ তারিখের মধ্যে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট iBAS++ পদ্ধতির মাধ্যমে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট এ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি সভায় আলোচনা করা হয়।	স্ব স্ব প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বানপূর্বক কমিটির অনুমোদনক্রমে আগামী ০৫/০১/২০১৮ তারিখের মধ্যে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **[বাস্তবায়নে: মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)]**

৩। সভায় প্রথমিক শিক্ষা অধিদপ্ত এবং মাঠ পর্যায়ে অফিস সমূহের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের জন্য কত টাকার প্রয়োজন হবে তা নিরুপন করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরন পূর্বক প্রশিক্ষণ খাতে এবং সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংরক্ষণ খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সভায় সামগ্রিক আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে সভাপতি সরকারের সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। প্রস্তাবিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ, রাজস্ব প্রাপ্তি এবং মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MTBF) বর্ণনামূলক অংশ অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০২/০১/১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি।

নং-৩৮.০০.০০০০.০০৬.২০.১৩৩.১৭- ৩৯৫

তারিখ: ১৯ পৌষ ১৪২৪ / ০২ জানুয়ারি ২০১৮

কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ যুগ্ম-সচিব, বাজেট-১), ঢাকা।
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন (দৃঃ আঃ উপ-প্রধান, শিক্ষা উইং), ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED), শেরে বাংলা নগর, ঢাকা।
৯. মহাপরিচালক, বাধ্যতামলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১১. অতিরিক্ত সচিব(বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. পরিচালক, শিশু কল্যাণট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১৩. উপ-প্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৫. সহকারী প্রধান (পরি-১/২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. পরিচালক (অর্থ/পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
২. পরিচালক (অর্থ/পরিকল্পনা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।

০২/০১/২০১৮
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব(বাঃও অঃ)
ফোনঃ ৯৫৭৭২৬৩